গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
পরিকল্পনা-২ শাখা
www.mor.gov.bd

নং-৫৪.০০.০০০০.০১৯.১৪.০১৩.১৬-২৬৩ তারিখঃ ২৮ অগ্রহায়ণ, ১৪২৯
১৩ ডিসেম্বর, ২০২২

বিষয়ঃ প্রজেক্ট স্টিয়ারিং কমিটি (পিএসসি) সভার কার্যবিবরণী

উপর্যুক্ত বিষয়ে "ভারতের সাথে রেল সংযোগ স্থাপনের লক্ষ্যে চিলাহাটি এবং চিলাহাটি বর্ডারের মধ্যে ব্রডগেজ রেলপথ নির্মাণ" শীর্ষক প্রকল্পের উপর রেলপথ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে ০৭.১২.২০২২ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে

(মো: ফরহাদ মিঞা)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৪১০৫০২৩৮
planning2mor@gmail.com

বিতরণ (সদয় অবগতি/কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: যুগ্মসচিব, বাজেট-৫)
২। সচিব, পরিকল্পনা বিভাগ, শের-ই বাংলা নগর, ঢাকা (দৃ:আ: যুগ্ম প্রধান, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ)
৩। সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই বাংলা নগর, ঢাকা (দৃ:আ: মহাপরিচালক, সেক্টর-২)
৪। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই বাংলানগর, ঢাকা (দৃ:আ: যুগ্ম প্রধান, ভৌত অবকাঠামো উইং)
৫। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই বাংলা নগর, ঢাকা (দৃ:আ: যুগ্ম প্রধান, রেল পরিবহণ উইং)
৬। সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা
৭। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা
৮। অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা
৯। অতিরিক্ত মহাপরিচালক (অবকাঠামো/রোলিং স্টক), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা
১০। যুগ্মসচিব (পরিকল্পনা), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা
১১। যুগ্মসচিব, উন্নয়ন-৩ অধিশাখা, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা
১২। প্রধান পরিকল্পনা কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা
১৩। উপসচিব, উন্নয়ন-৩ শাখা, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা
১৪। উপসচিব, পরিকল্পনা-১ শাখা, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা
১৫। প্রকল্প পরিচালক, "ভারতের সাথে রেল সংযোগ স্থাপনের লক্ষ্যে চিলাহাটি এবং চিলাহাটি বর্ডারের মধ্যে ব্রডগেজ রেলপথ নির্মাণ" শীর্ষক প্রকল্প, বাংলাদেশ রেলওয়ে

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিবের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা
২. সিনিয়র সিস্টেম এনালিষ্ট, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা (কার্যবিবরণীটি আপলোড করার অনুরোধসহ)
৩. উপসচিব,.এপিএ মনিটরিং সেল, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা
৪ সংশ্লিষ্ট নথি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
উন্নয়ন ও পরিকল্পনা অনুবিভাগ
পরিকল্পনা-০২ শাখা
www.mor.gov.bd

বিষয়: "ভারতের সাথে রেলসংযোগ স্থাপনের লক্ষ্যে চিলাহাটি এবং চিলাহাটি বর্ডারের মধ্যে ব্রডগেজ রেলপথ নির্মাণ (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের ওপর অনুষ্ঠিত প্রজেক্ট স্টিয়ারিং কমিটি সভার কার্যবিবরণী।

সভাপতি : সচিব, রেলপথ মন্ত্রণালয়।
স্থান : রেলপথ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (৯ম তলা, কক্ষ নং-৯৩০)
তারিখ ও সময় : ০৭.১২.২০২২, দুপুর ১২.০০ ঘটিকা।

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা 'পরিশিষ্ট-ক' দ্রষ্টব্য।

**২.০ উপস্থাপনা**

**২.১** সভার শুরুতে সভাপতি সভায় উপস্থিত ও জুম প্লাটফর্মে সংযুক্ত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং প্রকল্প সম্পর্কে অবহিত করার জন্য প্রকল্প পরিচালককে অনুরোধ জানান। প্রকল্প পরিচালক উপস্থাপনার শুরুতে প্রকল্পটির বিষয়ে নিম্নরূপ তথ্যাদি প্রদান করেন:

<table>
<tr><td>১.</td><td>প্রকল্পের নাম</td><td>:</td><td>"ভারতের সাথে রেলসংযোগ স্থাপনের লক্ষ্যে চিলাহাটি এবং চিলাহাটি বর্ডারের মধ্যে ব্রডগেজ রেলপথ নির্মাণ (১ম সংশোধিত)"</td></tr>
<tr><td>২.</td><td>উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ</td><td>:</td><td>রেলপথ মন্ত্রণালয়</td></tr>
<tr><td>৩.</td><td>বাস্তবায়নকারী সংস্থা</td><td>:</td><td>বাংলাদেশ রেলওয়ে</td></tr>
<tr><td>৪.</td><td>ডিপিপি অনুমোদনের তারিখ</td><td>:</td><td>১৮.০৯.২০২২ (মূল) এবং ১৯.০৪.২০২২ (১ম সংশোধিত)</td></tr>
<tr><td>৫.</td><td>প্রকল্পের প্রাক্কলিত ব্যয়</td><td>:</td><td>
<table>
<tr><th colspan="2">মূল ডিপিপি'র অনুমোদিত ব্যয় (লক্ষ টাকা)</th><th>১ম সংশোধিত অনুমোদিত প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকা)</th><th>পার্থক্য (লক্ষ টাকা)</th></tr>
<tr><td>জিওবি</td><td>৮০১৬.৯৪</td><td>১৪০৬৮.৬৪</td><td>৬০৫১.৭০ (৭৫.৪৮%)</td></tr>
<tr><td>পিএ</td><td>০.০০</td><td>০.০০</td><td>০</td></tr>
<tr><td>মোট</td><td>৮০১৬.৯৪</td><td>১৪০৬৮.৬৪</td><td>৬০৫১.৭০ (৭৫.৪৮%)</td></tr>
</table>
</td></tr>
<tr><td>৬.</td><td>বাস্তবায়নকাল</td><td>:</td><td>
<table>
<tr><th>ধরণ</th><th>আরম্ভ</th><th>সমাপ্ত</th></tr>
<tr><td>মূল</td><td>০১.০৮.২০১৮</td><td>৩১.০১.২০২১</td></tr>
<tr><td>১ম সংশোধিত</td><td>০১.০৮.২০১৮</td><td>৩০.০৬.২০২৩</td></tr>
</table>
</td></tr>
<tr><td>৭.</td><td>প্রকল্পের অর্থায়ন</td><td>:</td><td>জিওবি</td></tr>
<tr><td>৮.</td><td>প্রকল্পের উদ্দেশ্য</td><td>:</td><td>• চিলাহাটি ও চিলাহাটি বর্ডার হয়ে ভারতের সাথে ব্রডগেজ রেলওয়ে যোগাযোগ প্রতিষ্ঠিতকরণ।<br>• রেলওয়ের মাধ্যমে উপ-আঞ্চলিক যোগাযোগ ব্যবস্থা প্রতিষ্ঠিতকরণ।<br>• বাংলাদেশের মংলা পোর্ট হয়ে ভারতের উত্তর পূর্ব অংশ, নেপাল এবং ভুটানের মধ্যে আমদানি ও রপ্তানি কার্যক্রম পরিচালনার জন্য যোগাযোগ অবকাঠামো মনোন্নয়নের মাধ্যমে বাণিজ্যিক কার্যক্রম জোরদারকরণ।<br>• ভারত ও বাংলাদেশের মধ্যে নতুন ট্রেনের মাধ্যমে যাত্রী ও পণ্যবাহী ট্রেন পরিচালনাকরণ।</td></tr>
</table>

-২৭৪-



| | | | |
|---|---|---|---|
| ৯. | ২০২২-২৩ অর্থবছরে প্রকল্পের অগ্রগতি | : | প্রকল্পের অনুকূলে ২০২২-২৩ অর্থবছরে বরাদ্দ ৩৬০ লক্ষ টাকা; নভেম্বর, ২০২২ পর্যন্ত আর্থিক অগ্রগতি ০% এবং ভৌত অগ্রগতি ১৩.৭৪%। |
| ১০. | ক্রমপুঞ্জিত অগ্রগতি | : | নভেম্বর, ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৫৯.৭৪% এবং ভৌত অগ্রগতি ৪৩.৮৪%। |

২.২ প্রকল্প পরিচালক জানান যে, ১ম সংশোধিত ডিপিপি মোতাবেক প্রকল্পের নির্মাণ কাজ ২টি প্যাকেজের আওতায় সম্পন্ন হচ্ছে। প্রকল্পের প্যাকেজ ডব্লিউডি-১ এর আওতায় ইতোমধ্যে ৬.৭২৪ কিঃ মিঃ মেইন লাইন নির্মাণ, ৮টি ব্রীজ, ৮টি লেভেল ক্রসিং গেট, ২০০০ মিটার ব্যালাস্ট ওয়াল, ১২০০ মিটার বাউন্ডারী ওয়াল ও ৯৭০ মিটার ব্যাংক প্রটেকশন ওয়াল নির্মাণ, রেষ্ট হাউজ নির্মাণ, গ্যাংহাট নির্মাণ এবং সিগন্যালিং এন্ড টেলিকমিউনিকেশন এর কাজ সম্পন্ন হয়েছে। এছাড়া ১৪০০ বর্গমিটার বিশিষ্ট চিলাহাটি স্টেশন ভবন নির্মাণ, একটি বিদ্যমান প্লাটফর্ম প্রশস্তকরণ ও উচ্চতা বৃদ্ধি, প্রায় ৪০০০০ ঘনমিটার বালু ফিলিং/মাটির কাজ ও প্রায় ২০০০ ঘনমিটার ব্যালাষ্ট সাপ্লাইয়ের কাজ চলমান রয়েছে। তবে আরডিপিপি মোতাবেক ২.৮৬ একর ভূমি অধিগ্রহণ বিলম্বিত হওয়ায় একটি অতিরিক্ত লুপ লাইন ও ৪টি লুপ লাইনের সিএসএল বৃদ্ধির কাজ শেষ করা সম্ভব হচ্ছে না। প্যাকেজ ডব্লিউডি-১ এর বাস্তব কাজের অগ্রগতি ৮০.১৯% এবং আর্থিক অগ্রগতি ৬০.৪০%।

২.৩ প্রকল্প পরিচালক সভায় উল্লেখ করেন যে, ঠিকাদারী প্রতিষ্ঠান ইতোমধ্যে ট্র্যাক নির্মাণ, ব্রীজ, সিগন্যালিং, বৈদ্যুতিক কাজ, স্টেশন বিল্ডিং ও অন্যান্য খাতে প্রায় ২০ কোটি টাকার কাজ সম্পন্ন করলেও এডিপিতে পর্যাপ্ত বাজেট বরাদ্দ না থাকায় ঠিকাদারী প্রতিষ্ঠানকে বিল পরিশোধ করা যায়নি। ফলে কাজের যথাযথ অগ্রগতি অর্জন সম্ভব হচ্ছে না।

২.৪ প্রকল্প পরিচালক আরও জানান যে, অনুমোদিত ১ম সংশোধিত ডিপিপি অনুযায়ী এ প্রকল্পের নতুন প্যাকেজ ডব্লিউডি-২ এর আওতায় একটি নতুন আইল্যান্ড প্লাটফর্ম, প্লাটফর্ম শেড, একটি ফুটওভার ব্রীজ, ৪টি রেইজড প্লাটফর্মসহ ২টি ওয়াশপিট লাইন, রানিং কর্মচারীদের জন্য ফাংশনাল ভবন, বর্ডারে গেট ও চেক পোস্ট নির্মাণ, চিলাহাটি স্টেশন ভবন, চিলাহাটি ইয়ার্ড ও ওয়াশপিটে আলোকায়ন ব্যবস্থাকরণ এবং চিলাহাটি বৈদ্যুতিক সাব-স্টেশনকে উন্নীতকরণ কাজ অন্তর্ভুক্ত রয়েছে। ইতোমধ্যে নতুন প্যাকেজ ডব্লিউডি-২ এর দরপত্র আহবান ও উন্মুক্তকরণ করা হয়েছে এবং এটি প্রক্রিয়াধীন রয়েছে। সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের প্যাকেজ ডব্লিউডি-২ এর বাস্তবায়ন মেয়াদ ১ বছর রয়েছে।

২.৫ প্রকল্প পরিচালক আরও জানান যে, একটি অতিরিক্ত লুপ লাইন ও ৪টি লুপ লাইনের সিএসএল বৃদ্ধি এবং ওয়াশপিট লাইনের কাজ করার জন্য চিলাহাটি স্টেশন ইয়ার্ডের দক্ষিণ-পূর্ব প্রান্তে প্রায় ২.৮৬ একর (কম/বেশি) ভূমি অধিগ্রহণ প্রয়োজন এবং জেলা প্রশাসক, নীলফামারী কর্তৃক চাহিত তথ্যাদি ৩০.১১.২০২২ তারিখে প্রদান করা হয়েছে। ভূমি অধিগ্রহণ কাজ সম্পাদনে দ্রুত পদক্ষেপ গ্রহণের জন্য জেলা প্রশাসক, নীলফামারীকে রেলপথ মন্ত্রণালয় হতে পত্র মারফৎ অনুরোধ করা প্রয়োজন মর্মে তিনি মত প্রকাশ করেন। এ অবস্থায় এখনও ২.৮৬ একর জমি অধিগ্রহণ কাজ সম্পন্ন হয়নি এবং ডব্লিউডি-২ এর ঠিকাদার নিয়োগ সম্পন্ন হয়নি বিধায় প্রকল্পটির সকল কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য প্রকল্পের মেয়াদ ডিসেম্বর, ২০২৩ পর্যন্ত বৃদ্ধি করা প্রয়োজন মর্মে তিনি সভায় উল্লেখ করেন।

**৩.০ আলোচনাঃ** অন্যান্য খাতে প্রায় ২০ কোটি টাকার কাজ সম্পন্ন করলেও এডিপিতে পর্যাপ্ত বাজেট বরাদ্দ না থাকায় ঠিকাদারী প্রতিষ্ঠানকে বিল পরিশোধ করা যায়নি। ফলে কাজের যথাযথ অগ্রগতি অর্জন সম্ভব হচ্ছে না।

৩.১ যুগ্মসচিব (উন্নয়ন), রেলপথ মন্ত্রণালয় বলেন যে, ইতোমধ্যে রেলপথ মন্ত্রণালয় হতে এ প্রকল্পের জন্য ৪৫.০০ কোটি টাকার উপযোজন প্রস্তাব পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। সভায় পরিকল্পনা কমিশনের প্রতিনিধিকে উপযোজন প্রস্তাবটি দ্রুত প্রক্রিয়াকরণের জন্য অনুরোধ জানানো হয়।

৩.২ জনাব মোঃ সিদ্দিকুর রহমান, উপসচিব, আইএমইডি জানান যে, যেহেতু এ প্রকল্পের ভূমি অধিগ্রহণ সম্পন্ন হয়নি এবং প্যাকেজ ডব্লিউডি-২ এর চুক্তিপত্র সম্পাদিত হয়নি সেহেতু আরও কয়েক মাস পরে প্রকল্পের অগ্রগতি বিবেচনাপূর্বক প্রকল্পের মেয়াদবৃদ্ধির বিষয়ে উদ্যোগ গ্রহণ করা যেতে পারে।

৩.৩ মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে বলেন যে, যেহেতু এ প্রকল্পের সম্পূর্ণ ভূমি অধিগ্রহণ এখনও সম্পন্ন হয়নি এবং প্যাকেজ ডব্লিউডি-২ এর দরপত্র চূড়ান্তকরণ ও চুক্তিপত্র সম্পাদিত হয়নি এবং কাজটি সম্পাদনে ১ বছর সময় প্রয়োজন হবে সেহেতু প্রকল্পের মেয়াদ ৩০.০৬.২০২৪ পর্যন্ত বৃদ্ধি করা যুক্তিযুক্ত হবে। বিস্তারিত আলোচনার পর যৌক্তিকতা বিবেচনায় সভায় এ বিষয়ে একমত পোষণ করা হয়।

৩.৪ অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা), রেলপথ মন্ত্রণালয় বলেন যে, ভূমি অধিগ্রহণ কাজ দ্রুত সম্পাদনের জন্য প্রকল্প পরিচালক জেলা প্রশাসক, নীলফামারীর সাথে নিবিড় যোগাযোগ রক্ষা করতে পারে। সভায় এ বিষয়ে একমত পোষণ করা হয়।

৪.০ বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়:

৪.১ প্রকল্পের ৪৫.০০ কোটি টাকার উপযোজন প্রস্তাবটি দ্রুত প্রক্রিয়াকরণ করার বিষয়ে প্রকল্প পরিচালক পরিকল্পনা কমিশনের সাথে নিবিড় যোগাযোগ রক্ষা করবে;

৪.২ যৌক্তিকতা বিবেচনায় প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ জুন, ২০২৩ এর পরিবর্তে ০১ বছর বৃদ্ধি করে জুন, ২০২৪ পর্যন্ত নির্ধারণের সুপারিশ করে হলো। এ বিষয়ে বিদ্যমান পরিপত্রের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৪.৩ ২.৮৬ একর ভূমি অধিগ্রহণ কাজ দ্রুত সম্পন্ন করার জন্য জেলা প্রশাসক, নীলফামারীর সাথে প্রকল্প পরিচালককে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।

৫.০ আর কোন আলোচ্যসূচি না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভা সমাপ্ত ঘোষণা করেন।

২১/১৭/২০২২

(ড. মো: হুমায়ুন কবীর)
সচিব

০৭.১২.২০২২ তারিখে "ভারতের সাথে রেল সংযোগ স্থাপনের লক্ষ্যে চিলাহাটি এবং চিলাহাটি বর্ডারের মধ্যে ব্রডগেজ রেলপথ নির্মাণ (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের উপর প্রজেক্ট স্টিয়ারিং কমিটি'র সভায় উপস্থিত কর্মকর্তাদের-হাজিরা সিট

| ক্রম | নাম ও পদবী | মন্ত্রণালয়/বিভাগ | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | ডি এন মজুমদার<br>মহাপরিচালক | বাংলাদেশ রেলওয়ে। | [signature] 7/12/2022 |
| ২. | মো. ইয়াসীন<br>সিনিয়র সহকারী সচিব<br>(উন্নয়ন ও পরিকল্পনা) | রেলপথ মন্ত্রণালয় | [signature] 07/12/22 |
| ৩. | শাহ ইমাম আহমদ রেজা<br>JS | MOR | [signature] 7/12/22 |
| ৪. | [illegible] ইসলাম<br>JDG/Engg. | BR | [signature] 07.12.2022 |
| ৫. | এস.এম. সলিমুল্লাহ বাহার<br>CPD | BR | [signature] 7.12.22 |
| ৬. | মোঃ কামাল হোসেন সরকার<br>Addl. CPD | BR | [signature] 07.12.22 |
| ৭. | মোঃ [illegible] আহসান<br>[illegible] | [illegible] | [signature] 7/12/2022 |
| ৮. | মো: আলী কবীর<br>DS | MOR | [signature] 7.12.22 |
| ৯. | মোঃ আব্দুর রহিম<br>PD | BR | [signature] 07/12/2022 |
| ১০. | | | |